**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**

১০ বঙ্গবন্ধু রোড, নগর ভবন
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি "

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অষ্টম (৮ম) সাধারণ সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **ডা. সেলিনা হায়াৎ আইভী**<br>**মেয়র**<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ১২/১১/২০২৩ খ্রিঃ তারিখ, রোজ: রবিবার |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (৫ম তলা), নগরভবন, নারায়ণগঞ্জ। |

**উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)।**

মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী মহোদয়ের সভাপতির আসন গ্রহণ করেন এবং পরিষদের সম্মানীত কাউন্সিলরদের সভায় স্বাগত জানান এবং আলোচ্যসূচি অনুযায়ী সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন।

## আলোচ্যসূচি- ১: বিগত সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা ও সিদ্ধান্ত** : সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার বদলী জনিত কারনে সভাপতি মহোদয়ের নির্দেশনা অনুযায়ী সহকারী সচিব (অঃদাঃ) জনাব মোহাম্মদ হান্নান মিয়া গত ২৪/০৭/২০২৩ খ্রিঃ তারিখ, রোজ সোমবার অনুষ্ঠিত নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন পরিষদের সপ্তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত সভার আলোচ্যসূচি অনুযায়ী বিভাগ/শাখা ভিত্তিক সুস্পষ্ট প্রতিবেদন বিস্তারিতভাবে তুলে ধরা হয়। অতঃপর উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**বাস্তবায়নে:** কাউন্সিলর, কর্মকর্তা/ কর্মচারী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি- ২: রাজস্ব আদায়ের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা:** প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন জুলাই/ ২০২৩ হতে সেপ্টেম্বর/ ২০২৩ মাস পর্যন্ত রাজস্ব আদায়ের নিম্নবর্ণিত অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

**রাজস্ব আদায় : অর্থবছর ২০২৩-২০২৪ : (জুলাই/ ২০২৩ হতে সেপ্টেম্বর/ ২০২৩)**

| অঞ্চল | আদায়ের খাত | ২০২৩-২০২৪ অর্থবছরের দাবী | সেপ্টেম্বর/২০২৩ মাস পর্যন্ত আদায় | অনাদায়ের পরিমাণ (বকেয়া সহ) | আদায়ের হার (%) |
|---|---|---|---|---|---|
| নারায়ণগঞ্জ | পৌরকর | ২৮,৮৬,০৪,৪৮৮/- | ৬,৪৩,৯৫,২৩৭/- | ২২,৪২,০৯,২৫১/- | ২২% |
| | ট্রেড লাইসেন্স | ৫,০০,০০,০০০/- | ২৯,২৪১,৯৭৫/- | ২,০৭,৫৮,০২৫/- | ৫৯% |
| | দোকান ভাড়া | ২,৫৮,৭৯,৩৭২/- | ৫৩,৭২,৬৯৭/- | ২,০৫,০৬,৬৭৫/- | ২০.৭৬% |
| সিদ্ধিরগঞ্জ | পৌরকর | ২৫,১২,৮৯,৯০৩/- | ৭,৩৬,৩৪,২৪৩/- | ১৭,৭৬,৫৫,৬৬০/- | ২৯% |
| | ট্রেড লাইসেন্স | ৩,২০,০০,০০০/- | ১,৫৩,৮১,৬৫২/- | ১,৬৬,১৮,৩৪৮/- | ৪৮% |
| | দোকান ভাড়া | ২২,৩৯২/- | ১০,৯০৪/- | ১১,৪৮৮/- | ৪৮.৬৯% |
| কদমরসুল | পৌরকর | ৮,৫৫,৮৪,৮৩৩/- | ৪,৩৬,৯৪,৪৮৬/- | ৪,১৮,৯০,৩৪৭/- | ৫১% |
| | ট্রেড লাইসেন্স | ৮০,০০,০০০/- | ৩২,৯২,৯৪৫/- | ৪৭,০৭,০৫৫/- | ৪১% |
| | দোকান ভাড়া | ৬,৪১,৮০৮/- | ২,২৩,৭১৮/- | ৪,১৮,০৯০/- | ৩৪.৮৫% |

**সিদ্ধান্ত:** (১) ওয়ার্ড ভিত্তিক কর খেলাপীদের তালিকা প্রণয়ন করে আদায় অভিযান পরিচালনা, লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করা। (২) ট্রেড লাইসেন্স নবায়ন ও ব্যবসায়ীদের কে ট্রেড লাইসেন্স গ্রহণ করে ব্যবসা করার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য অঞ্চল ভিত্তিক কার্যক্রম গ্রহণ (৩) মার্কেট, ফ্ল্যাট ও দোকান ভাড়া আদায়ে তৎপর হওয়াসহ যাবতীয় রাজস্ব আদায় কার্যক্রম জোড়ালোভাবে সম্পন্ন করা (৪) লক্ষ্যমাত্রা

অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করা এবং বকেয়া পৌরকর আদায়ে ১৫% ছাড় প্রদান করে আদায় কার্যক্রম পরিচালনা করাসহ রাজস্ব আদায়ে কাঙ্খিত মাত্রা অর্জিত না হওয়া পর্যন্ত তা চলমান রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** কর আদায়, বাজার শাখা এবং ট্রেড লাইসেন্স শাখা, দোকানভাড়া ও মার্কেট সেলামী আদায় শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসুচি- ৩: জুলাই/ ২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ মাসের আয়-ব্যয় হিসাব পর্যালোচনা।

**আলোচনা:** প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চ:দা:) জনাব মোঃ হেমায়েত হোসেন গত ০৩ মাসের নিম্নরূপ আয়-ব্যয় অবহিত করেন।

| খাত | জুলাই/২০২৩ | আগষ্ট/২০২৩ | সেপ্টেম্বর/ ২০২৩ |
|---|---|---|---|
| রাজস্ব আয় | ১০,৫৩,৫৬,৮৭৫/- | ৮,৩২,৭৪,৬০৩/- | ১,৬৭,৩৮,১৮২/- |
| উন্নয়ন আয় (থোক বরাদ্দ থেকে) | -- | -- | -- |
| মোট আয় | ১০,৫৩,৫৬,৮৭৫/- | ৮,৩২,৭৪,৬০৩/- | ১,৬৭,৩৮,১৮২/- |
| রাজস্ব ব্যয় | ২,১৯,৩৬,৬২৭/- | ৪,০৪,৭০,৪৭২/- | ৪,২৪,৭৬,৫৬২/- |
| উন্নয়ন ব্যয় (রাজস্ব থেকে) | ২,৯৯,২৭,৩৯১/- | ৩,০৫,১৪,২৮১/- | ৫,৫২,৯৫,৬৩২/- |
| মোট ব্যয় | ৫,১৮,৬৪,০১৮/- | ৭,০৯,৮৪,৭৫৩/- | ৯,৭৭,৭২,১৯৪/- |

এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন, সিটি কর্পোরেশনের আর্থিক ব্যয় বহগুনে বৃদ্ধি পেয়েছে। বকেয়া পৌরকর ও পানির বিল আদায়ের লক্ষ্যে তিনি সকল কাউন্সিলরগণের সহযোগীতা কামনা করেন। সভায় বকেয়া কর আদায়ে কাউন্সিলরগণের কর্মতৎপরতার উপর ভিত্তি করে পুরস্কার প্রদানের জন্য ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব রুহল আমিন কর্তৃক প্রস্তাব পেশ করা হয়।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে, জুলাই/ ২০২৩ হতে সেপ্টেম্বর/ ২০২৩; গত ০৩ মাসের আয়-ব্যয় হিসাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নেঃ** হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসুচি -৪: উন্নয়নমুলক কার্যক্রম (চলমান প্রকল্প ও নতুন প্রকল্প) এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে আলোচনা।

**আলোচনা:** এ প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল আজিজ, পর্যায়ক্রমে অঞ্চল ভিত্তিক উন্নয়নমুলক কার্যক্রমসমূহের (চলমান প্রকল্প ও নতুন প্রকল্প) এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে সভাকে অবহিত করেন।

**সিদ্ধিরগঞ্জ অঞ্চল:**

১। ওটিএম পদ্ধতিতে ই-টেন্ডার নং-২৬/২০২০-২১, তাং-২৩/০৬/২০২১ (নিজস্ব) এর ০১টি প্রকল্পের কাজ চলমান অগ্রগতি **৭০%**।

২। ওটিএম পদ্ধতিতে ই-টেন্ডার নং-**০৩/২০২১-২২**, তাং-০৩/১০/২০২১ (নিজস্ব) এর ০১টি প্রকল্পের কাজ চলমান অগ্রগতি **৯০%**।

৩। ওটিএম পদ্ধতিতে ই-টেন্ডার নং-**০৯/২০২২-২৩**, তাং-**২১/০৫**/২০২১ (নিজস্ব) এর ০১টি প্রকল্পের চুক্তি সম্পাদন করা হয়েছে।

**নারায়ণগঞ্জ অঞ্চল :**

(১) দরপত্র বিজ্ঞপ্তি নং-১৮/২০১৮-২০১৯, এর ৪টি প্রকল্পের মধ্যে ২টি সমাপ্ত ও ২টি কাজ চলমান আছে যার অগ্রগতি ৯৪%।

(২) দরপত্র বিজ্ঞপ্তি নং-২৮/২০১৮-১৯, এর ৬টি প্রকল্পের মধ্যে ৪টি সমাপ্ত ও ২টি কাজ চলমান যার গড় অগ্রগতি ৮৬%।

(৩) দরপত্র বিজ্ঞপ্তি নং-১৩/২০১৯-২০, এর ৪টি প্রকল্পের মধ্যে ২টি কাজ সমাপ্ত ও ২টি কাজ চলমান যার গড় অগ্রগতি ৯০%।

(৪) দরপত্র বিজ্ঞপ্তি নং-১৭/২০১৯-২০, এর ১টি প্রকল্পের (অপরাজিতা স্কুল ভবন) অগ্রগতি ৯৪%।

(৫) দরপত্র বিজ্ঞপ্তি নং-১৮/২০১৯-২০, এর ১টি প্রকল্পের (নগর ভবন ৩য় অংশ) কাজ চলমান আছে যার অগ্রগতি ৯৮%

(৬) দরপত্র বিজ্ঞপ্তি নং-১৬/২০২০-২১, এর ৮টি প্রকল্পের মধ্যে ২টি কাজ সমাপ্ত ও ৬টি কাজ চলমান আছে যার অগ্রগতি ৬৫%

(৭) দরপত্র বিজ্ঞপ্তি নং-১৯/২০২০-২১, এর ৪টি প্রকল্পের মধ্যে ৩টি কাজ সমাপ্ত ও ১টি কাজ চলমান আছে যার অগ্রগতি ৯৫%

(৮) দরপত্র বিজ্ঞপ্তি নং-১৩/২০২১-২২, এর ২টি প্রকল্পের মধ্যে ২টি কাজ চলমান আছে যার অগ্রগতি ৫৫%

(৯) দরপত্র বিজ্ঞপ্তি নং-০৩/২০২১-২২, এর ৪টি প্রকল্পের মধ্যে ২টি কাজ সমাপ্ত ও ২টি কাজ চলমান যার গড় অগ্রগতি ১৫%

(১০) দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২২-২৩, এর ১টি প্রকল্পের মধ্যে ১টি কাজ চলমান যার গড় অগ্রগতি ৮৫%

(১১) দরপত্র বিজ্ঞপ্তি নং-০৮/২০২২-২৩, এর ৫টি প্রকল্পের মধ্যে ৫টি কাজ চলমান যার গড় অগ্রগতি ১৫%

(১২) দরপত্র বিজ্ঞপ্তি নং-২৫/২০১৮-১৯(সেবক কলোনী), এর ৩টি প্রকল্পের মধ্যে ২টি কাজ সমাপ্ত ও ১টি কাজ চলমান যার গড় অগ্রগতি ৯৮%

(১৩) দরপত্র বিজ্ঞপ্তি নং-০৪/২০২০-২১(সেবক কলোনী), এর ২টি প্রকল্পের মধ্যে ২টি কাজ চলমান যার গড় অগ্রগতি ৮২%

**নতুন প্রাক্কলন অনুমোদন:**

(১) ১৬ নং ওয়ার্ডে ৫তলা বিশিষ্ট কলরব স্কুল-২ নির্মাণ। প্রাক্কলিত ব্যয়:=৪,৯৫,২৮,৮৮২ টাকা

(২) ১১ নং ওয়ার্ডে আইইটি স্কুলের মোড়ে ৫ (পাঁচ) তলা বিশিষ্ট ভবন নির্মাণ। প্রাক্কলিত ব্যয়: =৬,০০,১৯,০৭৯.৩৬ টাকা

(৩) সাধুনাগ মহাশয় কমপ্লেক্স নির্মাণ। প্রাক্কলিত ব্যয়= ৬,৬৪,২০,৮৩৯ টাকা

(৪) ১২নং ওয়ার্ডে খানপুর ওয়াসা পাম্পের নিকট ১০ তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ। প্রাক্কলিত ব্যয়= ১৮,৮০,৫২,৮৬৯ টাকা

**কদমরসুল অঞ্চল** :

০১। দরপত্র বিজ্ঞপ্তি নং-১৯/২০২০-২১ (OTM) এর মোট প্রকল্প সংখ্যা ০৯ টি তন্মধ্যে সমাপ্ত হয়েছে=০৩ টি, চলমান =০৫ টি, (স্থগিত করা হয়েছে=০১টি) গড় অগ্রগতি=৭৩%

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের উন্নয়ন কাজসমূহ সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসুচি- ৫: পানি সরবরাহ বিভাগের নিয়মিত সেবা প্রদান কার্যক্রম ও ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কিত আলোচনা।

**আলোচনা: ৫(১):** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল আজিজ সভাপতি মহোদয়সহ উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। তিনি বলেন, ওয়াসা, নারায়ণগঞ্জ জোন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অধিভূক্ত হয়েছে গত ৩১ অক্টোবর, ২০১৯ খ্রিঃ অর্থাৎ ১ নভেম্বর, ২০১৯ হতে ঢাকা ওয়াসার নারায়ণগঞ্জ জোন এর দায়িত্ব নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের। বর্তমানে তা পানি সরবরাহ বিভাগ নামে কার্যক্রম পরিচালনা করছে। জীবানুমুক্ত ও নিরাপদ পানি সরবরাহের আনুষঙ্গিক কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা নিম্নরূপ:

দৈনিক কার্যক্রম ঃ

১। বর্তমানে ৩৩টি গভীর নলকূপ কম্পাউন্ডে ৩৪টি নলকূপ সচল রয়েছে। যার মাধ্যমে দৈনিক প্রায় ৮.১৬ কোটি লিটার পানি উৎপাদন করা হচ্ছে।

২। গোদনাইল ওয়াটার ওয়ার্কস হতে প্রতিদিন প্রায় ২.৩০ (দুই কোটি) ত্রিশ লক্ষ লিটার পানি উৎপাদন করা হচ্ছে।

৩। সোনাকান্দা ওয়াটার ওয়ার্কস হতে প্রতিদিন প্রায় ৬৫ (পঁয়ষট্টি) লক্ষ লিটার পানি উৎপাদন করা হচ্ছে। সর্ব মোট =৮.১৬+২.৩০+০.৬৫= ১১.১১ (এগার কোটি এগার লক্ষ) লিটার পানি উৎপাদন করে নেটওয়ার্কে সরবরাহ করা হচ্ছে।

৪। তাছাড়া নেটওয়ার্ক এলাকার কোথাও লিকেজ বা ময়লা-দুর্গন্ধযুক্ত পানি পেলে অভিযোগ পাওয়ার সাথে সাথে লিকেজ মেরামত এবং ময়লা পানি দূরীকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।

৫। রাজস্ব শাখা কর্তৃক ফিল্ড লেভেলে পানির বিল আদায় করতঃ বকেয়া আদায় তদারকি করার কার্যক্রম অব্যাহত রয়েছে। সেই সাথে পানির বিল আদায় ও নেটওয়ার্ক সহজীকরণের লক্ষ্যে হেল্ডিং এর জরিপ কাজ চলমান।

৬। জরুরী প্রয়োজনে পানির লাইন সম্প্রসারণ, পরিবর্তন, পরিবর্ধন এর কাজ করা হচ্ছে।

৭। পানি সরবরাহের রাজস্ব আদায়ে নিজস্ব সফটওয়্যার এর মাধ্যমে বিল জারি চলমান আছে।

৮। ব্যক্তি মালিকানায় গভীর নলকূপ স্থাপন এবং পানির সার্ভিস সংযোগ অনুমোদন কার্যক্রম অব্যাহত আছে।

৯। বিদ্যমান ওয়াটার ওয়ার্কস ও গভীর নলকূপসমূহের ফিল্ড মেইন্টেনেন্স ওয়ার্ক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

১। দেওভোগ ছোনখোলা নতুন স্থাপিত পানির পাম্প টি সচলের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

২। ADB এর সহায়তায় UIIPF প্রকল্পের আওতায় বিদ্যমান Water Works সম্প্রসারন, পুনঃসংস্কার এবং উন্নয়নের কার্যক্রম চলমান আছে।

৩। ADB সাহায্যপুষ্ট বিনিয়োগ প্রকল্প Narayanganj Green & Resilient Urban Development Project এর মাধ্যমে মোট ৩২০কিঃমিঃ বিতরণ পাইপ পরিবহন করা হবে। বিতরণ পাইপ হিসেবে HDPE পাইপ ব্যবহার করায় লিকেজ, অবৈধ গ্রাহক ইত্যাদি হ্রাস পাবে মর্মে আশা করা যায়।

৪। পানি সরবরাহ হবে আধুনিক DMA (District Metered Area) পদ্ধতির। যেখানে ওয়ার্ড ভিত্তিক Non-Revenue Water (NRW) তথা System loss হিসাব করা যাবে। ফলে সমস্যা খুঁজে পেতে সহজ হবে। পানি অপচয় হ্রাস পাবে।

৫। নেটওয়ার্ক হবে প্রেসারাইজড পদ্ধতির। ফলে ২৪ ঘন্টা পানি সরবরাহ নিশ্চিত করা যাবে।

৬। Drinkwell কর্তৃক Water ATM বুথ স্থাপনের ব্যবস্থা নেয়া হচ্ছে; যার পাইলটিং কার্যক্রম চলতি সপ্তাহেই শুরু হবে।

**আলোচনা ৫(২): পানি সরবরাহ বিভাগের রাজস্ব শাখার সার্বিক বিষয়ে আলোচনা:** এ প্রসঙ্গে পানি সরবরাহ শাখার রাজস্ব কর্মকর্তা জনাব ইশরাত জাকিয়া জানান যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পানির গ্রাহকের সংখ্যা ৩১,৯৪৩টি। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের জন্য নতুন সফটওয়্যারের মাধ্যমে পানির বিলিং ইতোমধ্যে গ্রাহকদের নিকট মাসিক বিল বিতরণ করা হয়েছে। বিলের বিপরীতে বকেয়া ও হাল আদায় চলমান আছে। গত সেপ্টেম্বর-২০২৩ মাসে মাসিক পানির বিলের সাথে ইতোপূর্বে ওয়াসা হতে প্রাপ্ত গ্রাহক ভিত্তিক বকেয়া বিবরণী পৃথকভাবে বিতরণ করা হয়েছে। উক্ত বকেয়া বিবরণীর উপর প্রায় ১০০০ জন গ্রাহক তাদের বিভিন্ন সমস্যার কথা জানিয়ে আবেদন করেছেন। সমস্যা ভিত্তিক আবেদন বাছাইয়ের কাজ চলমান আছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পানি সরবরাহ বিভাগের রাজস্ব শাখার নতুন বিলিং সফটওয়্যারের মাধ্যমে আদায়কৃত পানির বিলের বিবরণী নিম্নরূপ:

| আদায়ের পরিমান | | | |
|---|---|---|---|
| সময়কাল | | | মোট আদায় |
| জুলাই/২০২৩ | আগষ্ট/২০২৩ | সেপ্টেম্বর/২০২৩ | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ (১+২+৩) |
| পানির বিল (বকেয়া ও হাল)= ১,৪৮,৪৯,৪৫৩/- | পানির বিল (বকেয়া ও হাল)= ১,১৬,১৫,৩৮০/- | পানির বিল (বকেয়া ও হাল)= ৩,১২,৬৫,১৫১/- | **= ৫,৭৭,২৯,৯৮৪/-টাকা** |

বর্ণিত আলোচনার প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সম্মানীত কাউন্সিলর ও প্যানেল মেয়র-১ জনাব আব্দুল করিম জানান- নতুন পাম্প বসানোর পরেও ১৭ নং ওয়ার্ডে ঠিকমতো পানি পাওয়া যায় না। এ কথার সাথে ৮, ১০, ১৪ এবং ১৯নং ওয়ার্ডের কাউন্সিলরগণ একমত প্রকাশ করে ৮নং ওয়ার্ড কাউন্সিলর জানান- তার নির্বাচনী এলাকার কবরস্থান রোড মহল্লায় পর্যাপ্ত পানি সরবরাহ করা হচ্ছে না। ১০নং ওয়ার্ড কাউন্সিলর জানান- তার নির্বাচনী ওয়ার্ডের বাগপাড়া এলাকায় পানির অবস্থা খুবই খারাপ। মীরপাড়া এলাকা থেকে পানির সংযোগ দিলে পানির সমস্যা সমাধান করা সহজ হবে। ১৪নং ওয়ার্ড কাউন্সিলর জানান- তার নির্বাচনী এলাকায় যে পরিমান পানি সরবরাহ করা হচ্ছে তা চাহিদার তুলনায় অপ্রতুল। ১৯নং ওয়ার্ড কাউন্সিলর জানান- উক্ত ওয়ার্ডে একটাই পাম্প এবং সেই পাম্পের পানি খুবই আয়রণযুক্ত যা ব্যবহারের অনুপযোগী।

উক্ত আলোচনার প্রেক্ষিতে সভাপতি মহোদয় সবাইকে আশ্বস্ত করে বলেন, ১৭নং ওয়ার্ডের পাম্প মেরামত করা হয়েছে; যা চলতি সপ্তাহ থেকেই চালু করা হবে। ইতোপূর্বে উক্ত পাম্পটি ঢাকা ওয়াসা কর্তৃক স্থাপন করা হয়েছিল। কিন্তু, পাম্পটি মেরামতকালে দেখা যায়- পাম্পের ভিতর গাড়ীর বড় বড় পার্টস্ পরিত্যাক্ত অবস্থায় রয়েছে। এ বিষয়ে বিস্তারিত জানার জন্য তৎকালীন ওয়াসা কর্তৃপক্ষকে পত্র দেয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। তিনি আরোও বলেন- ১৪নং ওয়ার্ডে পর্যাপ্ত পাম্প আছে। উক্ত ওয়ার্ডের অবৈধ লাইনসমূহ সনাক্ত করে সেগুলো বিচ্ছিন্ন করা প্রয়োজন। তাহলে, পানি সরবরাহ বিষয়ে অভিযোগ থাকবে না। পানি সরবরাহের সেবা প্রদানে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন অক্লান্তভাবে কাজ করে যাচ্ছে; আস্তে আস্তে সকল ওয়ার্ডের পানি সমস্যা নিরসণ করা হবে। পানির বিলের বিষয়ে কমিটি করা হয়েছে; বর্ণিত কমিটিকে যথাযথ মনিটরিং করাসহ পানি সরবরাহ বিষয়ে ওয়ার্ড ভিত্তিক সমস্যাসমূহ লিখিতভাবে জানানোর জন্য স্ব স্ব ওয়ার্ড কাউন্সিলরগণকে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি তিনি রাজস্ব আদায়ে সহযোগীতা করার জন্য প্রতি তিন মাস অন্তর ওয়ার্ড ভিত্তিক পানির বিল এবং হোল্ডিং ট্যাক্স এর চাহিদা, বকেয়া ও আদায়ের হার সম্পর্কে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণকে পত্র অথবা মুঠোফোনের মাধ্যমে অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, (১) পানি সরবরাহ ব্যবস্থাপনা উন্নয়ন, ত্রুটিযুক্ত পানির লাইন ও বিকল হয়ে যাওয়া পাম্প দ্রুত মেরামত করণ, বকেয়া পানির বিল আদায়ে অভিযান পরিচালনা ও সংশ্লিষ্ট কাউন্সিলরগণের সাথে সমন্বয় করে সমস্যাসমূহ সমাধান করা এবং অবৈধ পানি লাইন সংযোগ বৈধকরণের আনুষঙ্গিক কার্যক্রম বাস্তবায়ন; (২) প্রতি তিন মাস অন্তর ওয়ার্ড ভিত্তিক পানির বিল, হোল্ডিং ট্যাক্স এর চাহিদা, বকেয়া ও আদায়ের হার সম্পর্কে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণকে স্টেটমেন্ট আকারে প্রেরণ অথবা ইমেইলের মাধ্যমে অবহিত করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** ওয়ার্ড কাউন্সিলর (সকল); কর আদায় শাখা, পানি সরবরাহ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসুচি -৬: নগর মাতৃসদন ও নগর স্বাস্থ্যকেন্দ্রসমূহ পরিচালনা এবং সেবা প্রদান বিষয়ক আলোচনা।**

**আলোচনা: ০৬ (১): নগর মাতৃসদন পরিচালনা আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ শেখ মোস্তফা আলী উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে তার বক্তব্য উপস্থাপন করেন। তিনি জানান- নগর মাতৃসদন হাসপাতাল, বন্দর প্রতিষ্ঠানটি ২০১৩ সালের ডিসেম্বর হতে ADB অর্থায়নে পরিচালিত আরবান প্রকল্পের আওতাধীন PKSP & PPS নামক এনজিও কর্তৃক পরিচালিত হতো; যা গত আগষ্ট ২০১৯ সাল হতে সিটি কর্পোরেশন গ্রহন করে এবং নিজস্ব অর্থায়নে পরিচালনা করে আসছে। ইতোমধ্যে প্রতিষ্ঠানটির সেবার পরিধি ও মান বৃদ্ধির লক্ষ্যে আধুনিক অটো এনালাইজার মেশিন, আল্ট্রাসনোগ্রাম মেশিন, প্রিন্টারসহ কম্পিউটার ও হরমোন এনালাইজারসহ বেশ কিছু যন্ত্রাংশ সংযোজন পূর্বক প্রতিষ্ঠানটি পরিচালনায় সিটি কর্পোরেশন ব্যাপক উদ্যোগ নেয়। গত মে/২০২৩ মাস হতে নগর স্বাস্থ্য কেন্দ্র ও নগর মাতৃসদন হাসপাতালে শুধুমাত্র বহিঃবিভাগ সেবা চালু করার পর ব্যয় সংকোচনের প্রেক্ষিতে আয় ও ব্যয়ের সামঞ্জস্য পরিলক্ষিত হচ্ছে। গত ০৩ মাসের আয় ব্যয়ের বিবরণ নিম্নরুপ:

| কেন্দ্রের নাম | আয় | ব্যয় (বেতন+ তেল খরচ+ অফিস খরচ+ ওষুধ) | মন্তব্য |
|---|---|---|---|
| নগর মাতৃসদন | ৭,৩৬,০৮৭/- | ১১,৩০,১৪৬/- | ভর্তুকি=৩,৯৪,০৫৯/- |
| নগর স্বাস্থ্য কেন্দ্র-০১ | ৪,৬০,৩১৯/- | ৪,৩৯,৩৪১/- | উদ্বৃত্ত= ২০,৯৭৮/- |
| নগর স্বাস্থ্য কেন্দ্র-০২ | ৯,৮৪,৮৭১/- | ৯,৯৮,৭৯৯/- | ভর্তুকি= ১৩,৯২৮/- |
| নগর স্বাস্থ্য কেন্দ্র-০৩ | ৭,১৪,৬০৯/- | ৭,০৫.৫৩৭/- | উদ্বৃত্ত= ৯,০৭২/- |
| **সর্বমোট=** | **২৮,৯৫,৮৮৬/-** | **৩২,৭৩,৮২৩/-** | **ভর্তুকি= ৩,৭৭,৯৩৭/-** |

**আলোচনা: ০৬ (২): ওয়ার্ড পর্যায়ে ইপিআই কর্মসুচি ও প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ বিষয়ক আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ শেখ মোস্তফা আলী উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে তার বক্তব্য উপস্থাপন করেন। তিনি জানান– নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডে ইউনিসেফের সহযোগিতায় নিয়োগকৃত কর্মীরা ইপিআইসহ প্রাথমিক স্বাস্থ্য সেবায় কাজ করে যাচ্ছে। এছাড়া নগর স্বাস্থ্য কেন্দ্র ও মাতৃসদন এবং কয়েকটি এনজিও প্রতিষ্ঠানের মাধ্যমে এ সেবা কার্যক্রম নগরীর ২৭ টি ওয়ার্ডে মানুষের দোড়গোড়ায় পৌছে দেয়া হচ্ছে। এ সেবার মান উন্নয়নে প্রয়োজনীয় ভূমিকা রাখার জন্য প্রতি তিন মাসে সংশ্লিষ্ট কাউন্সিলরগণের সভাপতিত্বে ইতোমধ্যে প্রতিটি ওয়ার্ডেই পরামর্শ সভা অনুষ্ঠিত হচ্ছে। এছাড়া আগষ্ট থেকে অক্টোবর/ ২০২৩ তারিখের মধ্যে নগরীর ২৭টি ওয়ার্ডে MACP প্রকল্পের মাধ্যমে SBCC কার্যক্রমের অংশ হিসেবে ওয়ার্ড উন্নয়ণ কমিটিকে (WDC) সচল ও সম্পৃক্ত করে ইপিআই কার্যক্রমকে জোরদার করণ ও নতুন ভ্যাকসিন সম্পর্কে অবগত করে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ইতোমধ্যে নগরীর ২৭টি ওয়ার্ডের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৫ম- ৯ম শ্রেণীর শিক্ষার্থীদের মাঝে ২ সপ্তাহ ব্যাপী জরায়ুর মুখ ক্যান্সার প্রতিরোধী HPV টিকাদান ক্যাম্পেইন সফলভাবে শেষ হয়েছে। পরবর্তীতে আগামী ১৬ নভেম্বর পর্যন্ত ওয়ার্ড পর্যায়ে কমিউনিটি ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে বাদপড়া সকল শিক্ষার্থী ও ১০-১৪ বছর বয়সী কিশোরীদের উল্লিখিত সময়ে নিকটবর্তী স্থায়ী টিকাদান কেন্দ্রে টিকাগ্রহনের সুযোগ রেখে কমিউনিটি ক্যাম্পেইনের মাইক্রোপ্ল্যান করা হয়েছে। এ ক্যাম্পেইনকে সফল করার জন্য সম্মানীত কাউন্সিলরগণের একান্ত সহযোগীতা প্রয়োজন।

উপরোক্ত আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন- নগর স্বাস্থ্য কেন্দ্র-১ ও নগর স্বাস্থ্য কেন্দ্র-২ বর্তমানে যেভাবে চলছে, সেভাবেই চলবে। নগর স্বাস্থ্য কেন্দ্র-৩ কিডনি ডায়ালাসিস কার্যক্রমে পরিচালনায় নির্দিষ্ট ভাড়ায় ব্যবহার করা হচ্ছে এবং ২১নং ওয়ার্ডের নগর মাতৃসদন হাসপাতালটিতে সোনার বাংলা ফাউন্ডেশন এর মাধ্যমে নার্সিং ইনষ্টিটিউট তৈরী করা হবে। যেখানে নার্সিং বিষয়ে দক্ষতা অর্জনে ট্রেনিং দেয়া হবে। আমাদের নিজস্ব অ্যাম্বুলেন্স সার্ভিস রয়েছে, হটলাইন নম্বর রয়েছে। তিনি জনগণের দোড়গোড়ায় সেবা পৌছানোর লক্ষ্যে সকল ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়ে অ্যাম্বুলেন্স সার্ভিস ও হটলাইন নম্বর প্রদর্শন করার জন্য কাউন্সিলরগণকে অনুরোধ করেন। সে প্রেক্ষিতে ১২নং ওয়ার্ডের সম্মানীত কাউন্সিলর জনাব শওকত হাসেম তার নির্বাচনী ওয়ার্ডে অবস্থিত নগর মাতৃসদন হাসপাতালটি সেবার আওতায় আনার জন্য সভাপতি মহোদয়ের সুমর্জি কামনা করেন। সভাপতি মহোদয় উক্ত প্রস্তাবে তাকে ধন্যবাদ জানান।

**সিদ্ধান্ত:** সভায় ইপিআই কার্যক্রমকে জোড়দার করনের পাশাপাশি প্রাথমিক স্বাস্থ্য সেবার মান বৃদ্ধিতে নগর স্বাস্থ্যকেন্দ্র সমূহ সচল রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের প্রস্তাব সর্ব সম্মতক্রমে গৃহীত হয়।

**বাস্তবায়নে:** স্বাস্থ্য বিভাগ এবং হিসাব শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিবিধ আলোচ্যসুচি- ৭(১): নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন পানির গাড়ী দ্বারা জরুরী প্রয়োজনে পানি বিক্রির মূল্য পুণ:নির্ধারন প্রসঙ্গে।**

**আলোচনা:** তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল আজিজ জানান, ঢাকা ওয়াসার রেট অনুযায়ী নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় পানির গাড়ী দ্বারা জরুরী প্রয়োজনে পানি বিক্রি করা হয়। ঢাকা ওয়াসার পানির গাড়ী দ্বারা পানি বিক্রির বর্তমান মূল্য: (১) ৭০০০ লিটার পানির মূল্য =৬০০/-টাকা, (২) ৫০০০ লিটার পানির মূল্য = ৫০০/- টাকা, (৩) ৩২০০ লিটার পানির মূল্য =৪০০/- টাকা। এক গাড়ী পানি বিক্রির জন্য গড়ে ৫ লিটার ডিজেল এবং প্রযোজ্য ক্ষেত্রে ১ লিটার অকটেন, মবিল প্রয়োজন হয়। এছাড়া একজন ড্রাইভার ও একজন হেলপার কর্মরত থাকেন। গাড়ী ৩ মাস অন্তর অন্তর সার্ভিসিং প্রয়োজন হয়। কিছু দিন পর পর গাড়ী মেরামত করা লাগে। সার্বিক দিক বিবেচনা করে উপরোক্ত রেটে পানি বিক্রি করলে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক গ্রাহকের নিকট হতে আদায়কৃত টাকার প্রায় সমপরিমান ভর্তুকি প্রদান করা লাগে। এমতাবস্থায়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ভর্তুকি হ্রাসের লক্ষ্যে সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় পানির গাড়ী দ্বারা জরুরী প্রয়োজনে পানি বিক্রির মূল্য পূণ:নির্ধারনকল্পে (১) ৭০০০ (সাত) হাজার লিটার পানির মূল্য =১০০০/- টাকা, (২) ৫০০০ (পাঁচ) হাজার লিটার পানির মূল্য = ৮০০/- টাকা, (৩) ৩২০০ (তিন হাজার দুইশত) লিটার পানির মূল্য = ৬০০/- টাকা পুনঃনির্ধারণ করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ভর্তুকি হ্রাসের লক্ষ্যে সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় পানির গাড়ী দ্বারা জরুরী প্রয়োজনে পানি বিক্রির মূল্য পূণ:নির্ধারনকল্পে ৭০০০ (সাত) হাজার লিটার পানির মূল্য =১০০০/- টাকা, ৫০০০ (পাঁচ) হাজার লিটার পানির মূল্য = ৮০০/- টাকা, ৩২০০ (তিন হাজার দুইশত) লিটার পানির মূল্য = ৬০০/- টাকা পুনঃনির্ধারণ করার প্রস্তাব সর্ব সম্মতক্রমে গৃহীত হয়।

**বাস্তবায়নে:** পানি সরবরাহ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিবিধ আলোচ্যসূচী-৭(২): নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে যান্ত্রিক প্রকৌশলী (চুক্তিভিত্তিক) পদে জনাব রেদওয়ান মেহেকাশ অপূর্ব কে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান প্রসঙ্গে।**

**আলোচনা:** সহকারী সচিব (অঃদাঃ) জনাব মোহাম্মদ হান্নান মিয়া জানান- জনাব রেদওয়ান মেহেকাশ অপূর্ব, সাং: ২৬/৬, কে এ সেন রোড নামীয় একজন ব্যক্তি অত্র প্রতিষ্ঠানে অস্থায়ী ভিত্তিতে (চুক্তিভিত্তিক) যান্ত্রিক প্রকৌশলী হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন জানিয়েছেন। তার দাখিলীয় আবেদন হতে জানা যায়, তিনি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের যান্ত্রিক প্রকৌশলী হিসেবে চাকরি করতে আগ্রহী। তিনি সোনারগাঁও বিশ্ববিদ্যালয় এর যন্ত্র প্রকৌশল বিভাগ থেকে স্নাতক পাশ করেছেন। আবেদনের সাথে তিনি তার শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রসহ জাতীয় পরিচয়পত্রের কপি দাখিল করেছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, মাসিক সর্বসাকুল্যে ১৫,০০০/- টাকা সম্মানীতে জনাব রেদওয়ান মেহেকাশ অপূর্ব-কে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে যান্ত্রিক প্রকৌশলী (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিবিধ আলোচ্যসূচী-৭(৩): নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ ও ২০২২-২৩ অর্থবছরের C4Cএর ফরম্যাট অনুযায়ী বার্ষিক প্রশাসনিক ও উন্নয়ন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

**আলোচনা:** সহকারী সচিব (অঃদাঃ) জনাব মোহাম্মদ হান্নান মিয়া সভাপতি মহোদয়সহ উপস্থিত সকলের অবগতির জন্য জানান যে, প্রতিবছর স্থানীয় সরকার বিভাগ হতে সর্বশেষ অর্থবছরের জন্য তথ্য চাওয়া হয়। মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ছক মোতাবেক এ প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগ/শাখা হতে তথ্য সংগ্রহ করে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে প্রেরন করা হয়েছে। বর্ণিত বিষয়টি সাধারণ সভায় অনুমোদনের জন্য বিধান রয়েছে। উক্ত তথ্য প্রেরণের পুর্বে কোন সাধারণ সভা অনুষ্ঠিত না হওয়ায় তা আলোচনা করা সম্ভব হয়নি। এমতাবস্থায়, উপরোক্ত বিষয়ে ভুতাপেক্ষ অনুমোদন গ্রহণ করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রেরণের ভুতাপেক্ষ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিবিধ আলোচ্যসূচী-৭(৪): আলী আহাম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তনের বিভিন্ন হল নির্ধারিত ভাড়া স্বাপেক্ষে ব্যবহারে ফেরৎযোগ্য জামানতের পরিমান পুনঃনির্ধারণ করণ প্রসঙ্গে।**

**আলোচনা:** সভাপতি মহোদয়সহ বলেন- আলী আহাম্মদ চুনকা নগর পাঠাগারের বিভিন্ন হল বর্তমানে নির্ধারিত ভাড়া স্বাপেক্ষে নানাবিধ অনুষ্ঠানের ব্যবহারের জন্য উম্মুক্ত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের হল ভাড়া প্রদানে ক্ষতি এড়াতে আবেদনকারীগণের নিকট হতে নির্ধারিত পরিমান জামানত গ্রহন করা হয়ে থাকে; যা বর্তমান বাজার প্রেক্ষাপটে খুবই কম। উক্ত প্রতিষ্ঠানে যেসকল আসবাবপত্র রয়েছে সেগুলোর মূল্যমান অনেক বেশি হওয়ায় বর্তমানে নির্ধারিত জামানতের পরিমান পুনঃনির্ধারণ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বর্তমানে যে হারে ভাড়া ও জামানত গ্রহণ করা হচ্ছে তা নিম্নরূপ:

তালিকা-১:

| ক্রঃ নং | হলের বিবরণ | ব্যবহারের ধরন | জামানতের পরিমান (টাকা) (প্রতিদিন/প্রতিবেলা) | মোট ফি (টাকা) এর পরিমান | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | প্রতিদিন বিকাল ৩.০০ ঘটিকা হতে রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত | প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | থিয়েটার হল | অফিসিয়াল/ বানিজ্যিক | ১০,০০০/- | ৩৫,০০০/- | ৩৫,০০০/- | ৭০,০০০/- |
| ২ | থিয়েটার হল | নাট্য দল | ২,০০০/- | ১০,০০০/- | ১০,০০০/- | ২০,০০০/- |
| ৩ | থিয়েটার হল | সাংস্কৃতিক ও সামাজিক সংগঠন | ২,০০০/- | ১০,০০০/- | ১০,০০০/- | ২০,০০০/- |
| ৪ | এক্সপেরিমেন্টাল হল (পরীক্ষণ হল) | সকল ধরণ (সাধারণ) (সাউন্ড সিস্টেম সহ) | ২,০০০/- | ৫,০০০/- | ৫,০০০/- | ১০,০০০/- |
| ৫ | গ্যালারী | সকল ধরণ (সাধারণ) (০১ দিন) | ২,০০০/- | ৩,০০০/- | ৩,০০০/- | ৬,০০০/- |
| ৬ | গ্যালারী | সকল ধরণ (সাধারণ) (০২ দিন) | ২,০০০/- | ৬,০০০/- | ৬,০০০/- | ১০,০০০/- |
| ৭ | গ্যালারী | সকল ধরণ (সাধারণ) (০৭ দিন) | ৬,০০০/- | ১২,০০০/- | ১২,০০০/- | ২০,০০০/- |

তালিকা-১ এর (৪)নং ক্রমিকে উল্লিখিত বিষয়টি পুনঃনির্ধারণের জন্য নিম্নবর্ণিত তালিকা-২ এর (৪)নং কলামে বর্ণিত তথ্য অনুযায়ী জামানত পুনঃনির্ধারন করা যেতে পারে।

তালিকা-২:

| ক্রঃ নং | হলের বিবরণ | ব্যবহারের ধরন | জামানতের পরিমান (টাকা) (প্রতিদিন/প্রতিবেলা) | মোট ফি (টাকা) এর পরিমান | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | প্রতিদিন বিকাল ৩.০০ ঘটিকা হতে রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত | প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | থিয়েটার হল | অফিসিয়াল/ বানিজ্যিক | ১০,০০০/- | ৩৫,০০০/- | ৩৫,০০০/- | ৭০,০০০/- |
| ২ | থিয়েটার হল | নাট্য দল | ৫,০০০/- | ১০,০০০/- | ১০,০০০/- | ২০,০০০/- |
| ৩ | থিয়েটার হল | সাংস্কৃতিক ও সামাজিক সংগঠন | ৫,০০০/- | ১০,০০০/- | ১০,০০০/- | ২০,০০০/- |
| ৪ | এক্সপেরিমেন্টাল হল (পরীক্ষণ হল) | সকল ধরণ (সাধারণ) (সাউন্ড সিস্টেম সহ) | ৫,০০০/- | ৫,০০০/- | ৫,০০০/- | ১০,০০০/- |
| ৫ | গ্যালারী | সকল ধরণ (সাধারণ) (০১ দিন) | ৫,০০০/- | ৩,০০০/- | ৩,০০০/- | ৬,০০০/- |
| ৬ | গ্যালারী | সকল ধরণ (সাধারণ) (০২ দিন) | ৫,০০০/- | ৬,০০০/- | ৬,০০০/- | ১০,০০০/- |
| ৭ | গ্যালারী | সকল ধরণ (সাধারণ) (০৭ দিন) | ৬,০০০/- | ১২,০০০/- | ১২,০০০/- | ২০,০০০/- |

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, আলী আহাম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তন ব্যবহারে উপরোক্ত আলোচনায় বর্ণিত তালিকা-২ এর (৪)নং কলামে বর্ণিত তথ্য অনুযায়ী জামানত পুনঃনির্ধারণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

উপরোক্ত আলোচনা ছাড়াও সভাপতি মহোদয় সকলের উদ্দেশ্যে বলেন- ওয়ার্ড ভিত্তিক টিসিবি'র পণ্য বিপণনে স্থানীয় পত্র পত্রিকায় প্রায়শঃই নানা রকম অনিয়ম ও অভিযোগের তথ্য পাওয়া যাচ্ছে। এক্ষেত্রে নির্ধারিত রোষ্টার অনুযায়ী টিসিবি পণ্য বিপণনের সময় সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর এর সাথে সংরক্ষিত মহিলা আসনের কাউন্সিলরগণকে উপস্থিত রাখা প্রয়োজন। টিসিবি পণ্য বিক্রয়ে সংশ্লিষ্ট ডিলার এবং ওয়ার্ড সচিব এর কার্যক্রমের প্রতি তদারকি করাসহ টিসিবি পণ্য জনগনের নিকট বিক্রয় কার্যক্রমের সময় সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলরগণকে স্পটে উপস্থিত থাকার জন্য তিনি সকল কাউন্সিলরগণকে নির্দেশনা প্রদান করেন। আগামী ১৪/১১/২০২৩খ্রিঃ তারিখ সকাল ১০.০০টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে নির্মিত ১০টি মেগা

প্রকল্পের ভার্চুয়ালী শুভ উদ্বোধন অনুষ্ঠান আয়োজন করা হবে। উক্ত অনুষ্ঠানে যথাসময়ে উপস্থিত থাকার জন্য সভায় উপস্থিত সকল কাউন্সিলরগণকে বিশেষভাবে অনুরোধ করেন।

এছাড়াও তিনি বলেন- সামাজিকভাবে সবাইকে সক্রিয় হতে হবে। শহরকে সব সময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। জনসেবার কার্যক্রম হিসেবে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে কলরব কিন্ডার গার্টেন স্কুল নির্মাণ করা হয়েছে। উক্ত স্কুলে পাঠদানে অভিজ্ঞ শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে এবং বর্তমানে বিভিন্ন শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম চলমান আছে। সভাপতি মহোদয় বর্ণিত বিষয়ে প্রচার প্রচারনার জন্য এবং বকেয়া পৌরকর আদায়ের ব্যাপারে সকল কাউন্সিলরগণের সহযোগীতা কামনা করেন।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও তাদের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা. সেলিনা হায়াৎ আইভী
মেয়র
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.০৬(২৩).০৬৯.২২/৭২৬ তারিখ: ১৪/১১/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগঢাকা । ,বাংলাদেশ সচিবালয় ,সমবায় মন্ত্রণালয় পল্লী উন্নয়ন ও ,স্থানীয় সরকার ,
২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৪। জনাব ------------------------------------------------ কাউন্সিলর, সংরক্ষিত/ সাধারণ ওয়ার্ড নং ---------- , নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। নির্বাহী প্রকৌশলী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। প্রকল্প পরিচালক, আরবান প্রাইমারী হেলথ কেয়ার সেন্টারসমূহ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। ---------------------------------------------------------------------------------------------------------------- নারায়ণগঞ্জ।
৯। ------------------------------------------------------বিভাগ/শাখা, নারায়ণগঞ্জ/সিদ্ধিরগঞ্জ/কদমরসুল অঞ্চল, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০। অফিস কপি/ গার্ড নথি, প্রশাসন শাখা ।

১৪/১১/২৩

মোহাম্মদ জাকির হোসেন
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

**পরিশিষ্ট - (ক)**

এনসিসি এর মাসিক সাধারণ সভায় উপস্থিত মাননীয় মেয়র, সম্মানীত কাউন্সিলর ও কর্মকর্তাবৃন্দের তালিকা: (স্বাক্ষরের ক্রমানুসারে)

(ক) উপস্থিত কাউন্সিলরবৃন্দ :

| | | | |
|---|---|---|---|
| ১) | ডা. সেলিনা হায়াৎ আইভী | মেয়র | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২) | জনাব মোঃ আব্দুল করিম | পানেল মেয়র-১ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৩) | জনাব মাকসুদা মোজাফফর | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৪) | জনাব মনোয়ারা বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-২ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৫) | জনাব মিনোয়ারা বেগম | সংরক্ষিত, কাউন্সিলর ওয়ার্ড-৪ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৬) | জনাব আফসানা আফরোজ | সংরক্ষিত, কাউন্সিলর ওয়ার্ড-৫ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৭) | জনাব শিউলী নওশাদ | সংরক্ষিত, কাউন্সিলর ওয়ার্ড-৭ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৮) | জনাব শাওন অংকন | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৮ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৯) | জনাব সানিয়া আক্তার | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৯ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১০) | জনাব হাজী মো: আনোয়ার ইসলাম | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১১) | জনাব মোঃ নুরউদ্দিন মিয়া | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-৪ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১২) | জনাব মো: মিজানুর রহমান খান | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-৭ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৩) | জনাব রুহুল আমিন মোল্লা | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-৮ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৪) | জনাব ইফতেখার আলম খোকন | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১০ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৫) | জনাব মো: অহিদুল ইসলাম | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১১ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৬) | জনাব মোহাম্মদ শওকত হাসেম | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১২ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৭) | জনাব মনিরুজ্জামান মনির | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১৪ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৮) | জনাব অসিত বরন বিশ্বাস | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১৫ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১৯) | জনাব মোঃ রিয়াদ হাসান | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১৬ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২০) | জনাব মোঃ কামরুল হাসান মুন্না | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১৮ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২১) | জনাব মো: মোখলেছুর রহমান চৌধুরী | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১৯ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২২) | জনাব মো: শাহীন মিয়া | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২১ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২৩) | জনাব সুলতান আহম্মেদ ভূইয়া | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২২ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২৪) | জনাব মোঃ এনায়েত হোসেন | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২৫ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২৫) | জনাব মোঃ সামসুজ্জোহা | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২৬ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |

(খ) অনুপস্থিত কাউন্সিলরবৃন্দ :

| | | | |
|---|---|---|---|
| ১) | জনাব শাহজালাল | পানেল মেয়র-২ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২) | জনাব শাহমিন | পানেল মেয়র-৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৩) | জনাব মোসাম্মৎ আয়শা আক্তার | সংরক্ষিত, কাউন্সিলর ওয়ার্ড-৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৪) | জনাব মোঃ ইকবাল হোসেন | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৫) | জনাব গোলাম মুহাম্মদ সাদরিল | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-৫ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৬) | জনাব মোঃ মতিউর রহমান | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-৬ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৭) | জনাব ইস্রাফিল প্রধান | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-৯ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৮) | জনাব মাকছুদুল আলম খন্দকার খোরশেদ | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৯) | জনাব শাহেনশাহ আহম্মেদ | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২০ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১০) | জনাব আবুল কাউছার | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১১) | জনাব মোঃ আফজাল হোসেন | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২৪ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ১২) | জনাব মোঃ সিরাজুল ইসলাম | কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-২৭ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |

**(গ) উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা :**

| ক্র. নং | নাম | পদবী | প্রতিষ্ঠান |
|---|---|---|---|
| ১. | জনাব মো: আব্দুল আজিজ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ২. | জনাব মো: হেমায়েত হোসেন | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চ.দা.) | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৩. | জনাব ডাঃ শেখ মোস্তফা আলী | মেডিকেল অফিসার | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৪. | জনাব মোঃ মঈনুল ইসলাম | নগর পরিকল্পনাবিদ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৫. | জনাব ইশরাত জাকিয়া | সহকারী সচিব | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |